

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এর অফিস এল বিভাগ-২, ঢাকা।			
সংখ্যা:	তারিখ:	প্রকৌশলী:	
২৭১৬	০৪/১১/২০	[Signature]	
স: প:	স: প্র:	ই: বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম) এর দপ্তর  
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন  
সেগুনবাগিচা, ঢাকা  
ফোন নং-০২২২৩৩৮২৮৩২ ফ্যাক্স নং-০২২২৩৩৮২৮০৪  
[www.pwd.gov.bd](http://www.pwd.gov.bd)



স্মারক নং-২৫.৩৬.০০০০.৫০০.২৮.০৫.

তারিখ-----

বিষয়ঃ- ২০২৩-২০২৪ সনের দ্বিতীয় শ্রেণী (যান্ত্রিক) ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তি লক্ষ্যে রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপূর্ত ই/এম জোন, ঢাকা এর অধীন তালিকাভুক্তি বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানকে গণপূর্ত ই/এম জোন, ঢাকা এর অধীনে দ্বিতীয় শ্রেণীর যান্ত্রিক ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে নিম্নেবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে তালিকাভুক্ত করা হবে।

### শর্তাবলী

- ঠিকাদারী প্রতিষ্ঠানকে ২০২৩-২০২৪ সনের তালিকাভুক্তি রেজিস্ট্রেশন ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% মূল্য সংযোজন করসহ (মুসক) সর্বমোট ৫,৭৫০.০০ (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা গণপূর্ত ই/এম কার্ঠের কারখানা বিভাগ, ঢাকায় আগামী ২৫/০৯/২০২৩ইং তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। এ সময়ের মধ্যে কোন ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি ফি জমা প্রদানে ব্যর্থ হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে।
- তালিকাভুক্তি চূড়ান্ত আদেশ প্রাপ্তির লক্ষ্যে আগামী ৩০/০৯/২০২৩ইং তারিখের মধ্যে আবেদনসহ রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার মূল রশিদ, মালিক/ব্যবস্থাপনা পরিচালক/অংশিদার/চেয়ারম্যান এর ০৫ (পাঁচ) কপি ছবি এবং ০৩ (তিন) সেট নমুনা স্বাক্ষরের জন্য অত্র দপ্তরের নির্বাহী প্রকৌশলী (ই/এম), স্টাফ অফিসার এর দপ্তরে সশরীরে উপস্থিত হতে হবে। আবেদনপত্র জমা দেয়ার সময় মূল ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ নির্বাহী প্রকৌশলী (ই/এম), স্টাফ অফিসার, অত্র দপ্তর এর নিকট দাখিল করতে হবে। দাখিলকৃত কাগজপত্রাদি যাচাইয়ে সঠিক পাওয়া গেলে তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ জারী করা হবে।
- ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদি ভুয়া/জাল প্রমাণিত হলে তালিকাভুক্তির আদেশ তাৎক্ষণিকভাবে বাতিল বলে বিবেচিত হবে।

### বোর্ড সভায় অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকাঃ-

ক্র/নং	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বোর্ড সভার সিদ্ধান্ত
১.	তাইয়েবা এন্টারপ্রাইজ মালিকঃ-মোঃ আব্দুর রহিম ৬/সি, রোড-১৮, প্রট-৩৭৬, পল্লবী, মিরপুর, ঢাকা।	২০২৩-২০২৪ সনে দ্বিতীয় শ্রেণী যান্ত্রিক ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।
২.	নাজিফা এন্টারপ্রাইজ মালিকঃ-মোঃ রাজিব ৬/সি, রোড-১৮, প্রট-৩৭৬, পল্লবী মিরপুর, ঢাকা।	২০২৩-২০২৪ সনে দ্বিতীয় শ্রেণী যান্ত্রিক ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।
৩.	রাসেল এন্টারপ্রাইজ মালিকঃ-মোঃ রাসেল ৬/সি, রোড-১৮, প্রট-৩৭৬, পল্লবী মিরপুর-২, ঢাকা।	২০২৩-২০২৪ সনে দ্বিতীয় শ্রেণী যান্ত্রিক ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।
৪.	মেসার্স মায়া এন্টারপ্রাইজ মালিকঃ-মোঃ গাজী নাসিম উদ্দিন সেকশন-৬, ব্লক-ডি, রোড-১৯, বাসা-২২, পল্লবী, মিরপুর, ঢাকা।	২০২৩-২০২৪ সনে দ্বিতীয় শ্রেণী যান্ত্রিক ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরিউক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানায় কোন রকম গড়মিল পরিলক্ষিত হলে সংশোধনের জন্য ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

### স্বাক্ষরিত

(মোঃ আলমগীর খান)  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.৫০০.২৮.০৫.

তারিখ ০৪/১১/২০২৩  
২৩/১১/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলঃ-

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-১/২/৩/পি এন্ড ডি, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম কার্ঠের কারখানা বিভাগ, ঢাকা। উপরোক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক রেজিস্ট্রেশন ফি জমা প্রদানে আগ্রহী হলে তা গ্রহণ পূর্বক রশিদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। জনাব .....

(মোঃ আলমগীর খান)  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।